

প্রতিদিনের কথা

The Daily Protidiner Katha

সংবাদ সৃষ্টি করি না, পরিবেশন করি



গমের ব্লাস্ট প্রতিরোধী জাতের বাংলাদেশের সফল গবেষণায় ভূয়সী প্রশংসা অস্ট্রেলিয়ার

■ নিজস্ব প্রতিবেদক

গমের ব্লাস্ট প্রতিরোধ জাত আবিষ্কারে বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউটের বিজ্ঞানীরা সফল হয়েছেন। যশোর আ লিক কৃষি গবেষণা কেন্দ্রের বিত্তীর্ণ মাঠে গত ২০১৬ সাল থেকে চলছে গমের ব্লাস্ট রোগের প্রতিরোধী জাতের এ গবেষণা কার্যক্রম। বৃহস্পতিবার বিকেলে গবেষণা কার্যক্রম সরেজমিনে দেখতে আসেন অস্ট্রেলিয়ান হাই কমিশন ও অস্ট্রেলিয়ান সেন্টার ফর ইন্টার ন্যাশনাল এগ্রিকালচারাল রিসার্চ (এসিআইএআর)

এর ২০ সদস্য প্রতিনিধি দল। ২০ সদস্যের এ প্রতিনিধি দলের নেতৃত্বে ছিলেন, অস্ট্রেলিয়ান কমিশনের দলনেতা ফিওনাসিমসন ও অস্ট্রেলিয়ান কমিশনার ফর এগ্রিকালচারাল রিসার্চ এসিআইএআর এর দলনেতা প্রফেসর এড্রু কেম্বেল। এদিকে গতকাল বৃহস্পতিবার অস্ট্রেলিয়ান প্রতিনিধিদল গমের ব্লাস্ট রোগের গবেষণার অগ্রগতি দেখে ভূয়সী প্রশংসা করেন। ২০ সদস্যের এ প্রতিনিধি দল বিকেলে যশোর আ লিক কৃষি গবেষণা

➤ ২য় পৃষ্ঠা ৩ কলাম

গমের ব্লাস্ট প্রতিরোধী

কেন্দ্রের মাঠে এসি আই এ আর বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট এর পক্ষে প্রকল্পের গবেষণা কার্যক্রম সরেজমিনে দেখে ব্যাপক উৎসাহিত হন। এসময় অস্ট্রেলিয়ান কমিশনার ফর এগ্রিকালচারাল রিসার্চ এসিআইএআর এর দলনেতা প্রফেসর এড্রু কেম্পবেল বলেন, গমের জন্য ভয়ঙ্কর রোগ হচ্ছে ব্লাস্ট। সেই রোগ প্রতিরোধী জাত আবিষ্কারে এখানকার বিজ্ঞানীরা যে সফল হয়েছেন তা নিঃসন্দেহে প্রশংসনীয়। এ সফলতা শুধু বাংলাদেশের নয়, সারা পৃথিবীর কৃষির জন্য অনুকরণীয়। প্রায় একই কথা বলেন, অস্ট্রেলিয়ান কমিশনের দলনেতা ফিওনাসিমসন সন বলেন, বাংলাদেশের গমের ব্লাস্ট প্রতিরোধী জাত আবিষ্কারে বিজ্ঞানীদের এ সফলতায় আমরা আশাবাদী। এখানকার বিজ্ঞানীরা গত প্রায় ৭ বছর ধরে তারা বিভিন্ন দেশের গমের জাত এনে এখানে ট্রায়াল দিয়ে রোগ প্রতিরোধী জাতকে বেছে নিচ্ছেন। যার মাধ্যমে গমের ব্লাস্ট রোগের প্রকোপ থেকে চাষিরা নিরাপদে থাকছেন। তিনি বলেন, আমরা আশাবাদী এখানকার গবেষকদের এ সফলতার বিস্তৃতি সারা বিশ্বের অন্যান্য স্থানেও কার্যকর ভূমিকা রাখবে।